দৈনিক ইনকিলাব

তারিখ 03 SEP 1994
পৃষ্ঠা 12 কলাম 7

জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের করণীয় কি ?

# ঢাকা রাজশাহী চট্টগ্রাম ভার্সিটিতে ডিগ্রী পাস করা ছাত্র-ছাত্রীরা আর মাস্টার্সে ভর্তি হতে পারবে না

॥ মিডিয়া সিণ্ডিকেট ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের তিনটি সাধারণ বিশ্ববিদ্যালয়ে এ বছর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পাস ছাত্র-ছাত্রীদের মাস্টার্স ভর্তি করা হবে না। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে। বাকী শুধু আনুষ্ঠানিক ঘোষণা।

সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়গুলোর সেশনজট, আবাসিক সংকট দূর করা ও শিক্ষার মান উন্নয়নের জন্য কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু ঢাকাসহ ৩ বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তের ফলে এ বছর ডিগ্রী পাস করা ৫৬ হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতোমধ্যে ভর্তি না করার ব্যাপারটি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে লিখিতভাবে বলেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সংক্রান্ত এক চিঠিতে মাস্টার্সে ভর্তির বিভিন্ন সমস্যা উল্লেখ করে তাদের অপারগতার কথা জানায়। গত ৯০-৯১ শিক্ষাবর্ষেই ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল মাস্টার্সে ভর্তি না করার সিদ্ধান্ত গ্রহণ করে। কিন্তু কর্তৃপক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের অনুরোধে এ সিদ্ধান্ত তখন বাস্তবায়ন করেনি।

দেশের ৪টি সাধারণ বিশ্ববিদ্যালয়ের মধ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বাদে ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পাস কোর্সে ডিগ্রী পাস ছাত্র-ছাত্রীদের মাস্টার্সে ভর্তি করার নিয়ম চালু আছে। শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতি শিক্ষাবর্ষে তিন হাজার ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়, যা অনার্সে ভর্তির সংখ্যার প্রায় সমান। এ অবস্থায় প্রতি বছর ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে। কিন্তু আবাসিক হল, শিক্ষক, লাইব্রেরীর বই সংখ্যা সে তুলনায় বাড়ছে না। ফলে দিন দিন শিক্ষার মান কমে যাচ্ছে, এ অবস্থার অবসানকল্পেই কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নিয়েছেন বলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা জনান।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৫৮২টি কলেজের মধ্যে হাতে গোনা কয়েকটি কলেজে মাত্র মাস্টার্স কোর্স চালু রয়েছে। কিন্তু সেখানে এত ছাত্র-ছাত্রীর সীট সংকুলান দেয়া কোনক্রমেই সম্ভব নয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তার সঙ্গে আলাপ করলে তিনি জানান, বিষয়টি নিয়ে আমরা ভাবছি। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে ইতোমধ্যে আলাপ হয়েছে। তিনি জানান, এখনও কোন সুনির্দিষ্ট সমাধান বের করা যায়নি। তবে নতুন কিছু কলেজে মাস্টার্স কোর্স চালু করা যেতে পারে।